দৈনিক ইত্তেফাক

তারিখ 11 JUN 2010
পৃষ্ঠা ৫ কলাম ২

# উন্মুক্ত বিশ্ববিদ্যালয় প্রকল্পে ক্ষতি ৮ বছরে ৮ কোটি ১৪ লাখ টাকা

## অনিয়ম তদন্তে কমিটি গঠন

■ ইত্তেফাক রিপোর্ট

বিগত বিএনপি ও আওয়ামী লীগ শাসনামলে দুর্নীতি ও অনিয়মের কারণে উন্মুক্ত বিশ্ববিদ্যালয় স্থাপন প্রকল্পে ৮ বছরে ৮ কোটি ১৪ লাখ টাকার বেশী গচ্চা দিয়েছে সরকার। এশীয় উন্নয়ন ব্যাংকের অর্থায়নে বাস্তবায়িত এ প্রকল্পে ১৯৯১-১৯৯২ থেকে ১৯৯৮-১৯৯৯ অর্থ বছরের মধ্যবর্তী সময়ে এসব অনিয়ম হয়েছে। গত বুধবার সংসদ সচিবালয়ে সরকারি হিসাব সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির ২৩তম বৈঠকে এসব তথ্য জানানো হয়।

কমিটির সভাপতি ড. মহীউদ্দীন খান আলমগীরের সভাপতিত্বে বৈঠকে অংশগ্রহণ করেন কমিটির সদস্য অধ্যাপক মোঃ আলী আশরাফ, চিফ হুইপ উপাধ্যক্ষ মো: আব্দুস শহীদ, খান টিপু সুলতান ও ফরিদা আখতার। বৈঠকে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান প্রফেসর নজরুল ইসলামসহ সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তারা।

সংসদ সচিবালয় সূত্র জানায়, বৈঠকে মূলত উন্মুক্ত বিশ্ববিদ্যালয় স্থাপন প্রকল্পের ১৯৯১-১৯৯২ থেকে ১৯৯৮-১৯৯৯ অর্থ বছরের হিসাবের উপর বিশেষ নিরীক্ষা প্রতিবেদনের মাধ্যমে আপত্তি উত্থাপন করে বিস্তারিত আলোচনা করা হয়। এতে কমিটির কাছে উল্লেখিত দুর্নীতি ও অনিয়মের বিষয়টি ধরা পড়ে। এসময় জানানো হয় ঐ প্রকল্প সমাপ্তির পর প্রকল্প তহবিলের অব্যয়িত জের ও ব্যাংক গ্যারান্টির নগদায়নকৃত অর্থ বাবদ প্রাপ্ত ৪ কোটি ৫৫ লাখ ৯২ হাজার ২২২ টাকা সরকারি কোষাগারে জমা প্রদানের পরিবর্তে আত্মসাৎ করা হয়। একই সঙ্গে প্রকল্পের ১ কোটি ৪৬ লাখ ২৫ হাজার ৪৫৯ টাকার অপ্রয়োজনীয় ব্যয় চিহ্নিত করেছে কমিটি।

বৈঠকে আরো জানানো হয় মাটি দিয়ে সাইট ডেভেলপমেন্টের কাজ করে মাটির দরের পরিবর্তে বালুর দর দেখিয়ে ৫৭ লাখ ২৮ হাজার ৯০৮ টাকা এবং তথ্য বিভ্রাটের মাধ্যমে বালু ভরাট কাজের ৪২ লাখ ৭ হাজার ৪২ টাকা হাতিয়ে নেয়া হয়েছে। এছাড়া উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের নিয়মিত শিক্ষকদের দিয়ে পাঠ্যপুস্তক, পাণ্ডুলিপি রচনা ও সম্মানি প্রদানের নামে প্রকল্পের ১৮ লাখ ৩৭ হাজার ২৫ টাকা ও প্রকল্প তহবিল থেকে যৌথবীমা, আয়কর, কল্যাণ তহবিল ও ভবিষ্যৎ তহবিল চাঁদা পরিশোধের নামে বাবদ ৫২ লাখ ৫১ হাজার ৬৯২ টাকা আত্মসাৎ করা হয়।

কমিটির বৈঠকে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের এসব দুর্নীতি ও অনিয়মের সাথে জড়িতদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার সুপারিশ করা হয়। সেই সাথে দুর্নীতি তদন্তের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিবকে আহবায়ক করে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার ও ইউজিসির থেকে একজন প্রতিনিধিকে নিয়ে ৩ সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়। তদন্ত কমিটিকে ত্রিশ দিনের মধ্যে কমিটির কাছে রিপোর্ট উপস্থাপনের সুপারিশ করা হয়।